

সিনেমা-সংসার ছেড়ে ঐশ্বরিয়ার প্রতিদ্বন্দ্বী এখন সন্ন্যাসিনী -পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৬৬ ঃ মেহেরপুর-শনিবার ১১ অক্টোবর ২০২৫ ইং ঃ ২৬ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ১৮ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


## মেহেরপুরে এক মাসে ২৫ জনের অপমৃত্যু

নিজস্ব প্রতিবেদক

চলতি বছরের সেপ্টেম্বর মাসে মেহেরপুর জেলায় মোট ২৫ জনের অপমৃত্যু হয়েছে। জেলার সড়ক দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা কিছুটা কমলেও আত্মহত্যা ও পানিতে ডুবে মৃত্যুর ঘটনা উদ্বেগজনকভাবে বেড়েছে। জেলা পুলিশের সংগৃহীত পরিসংখ্যান অনুযায়ী, সেপ্টেম্বর মাসে ১৬ জন বিষপান ও গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। তাঁদের মধ্যে ৮ জন পুরুষ এবং ৮ জন নারী। উপজেলা ভিত্তিক হিসাবে মেহেরপুর সদর উপজেলায় ৯ জন, গাংনী উপজেলায় ৬ জন এবং মুজিবনগর উপজেলায় ১ জন আত্মহত্যা করেছেন। এছাড়া মাসজুড়ে নানা দুর্ঘটনায়ও প্রাণহানির ঘটনা ঘটেছে। এর মধ্যে ১ সেপ্টেম্বর সদর উপজেলার হরিরামপুর গ্রামের সুস্মিতা ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যা করেন। ২ সেপ্টেম্বর সদর উপজেলার কালীগাংনী গ্রামে প্রতিপক্ষের থাপ্পড়ে মফেল আলী নামের এক ব্যক্তি নিহত হন। ৩ সেপ্টেম্বর গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে বিভিন্ন হত্যাকাণ্ড

## সামাজিক অনুশাসন ও মূল্যবোধের অবক্ষয়কেই দায়ী করছেন বিশেষজ্ঞরা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে একের পর এক হত্যাকাণ্ড, রহস্যজনক মৃত্যু ও সহিংসতার ঘটনায় আতঙ্কে দিন কাটাচ্ছেন সাধারণ মানুষ। চলতি বছরেই জেলার বিভিন্ন এলাকায় সংঘটিত হয়েছে একাধিক নৃশংস হত্যাকাণ্ড। বিশেষজ্ঞরা বলছেন, এসব ঘটনার পেছনে পারিবারিক কলহ, সামাজিক মূল্যবোধের অবক্ষয়, অপরাধচক্রের সক্রিয়তা ও আইনশৃঙ্খলার দুর্বলতা সব মিলিয়েই দায়ী। ২৫ বছর বয়সী রাসেল হোসেন ছিলেন আল সানি পরিবহনের হেলপার। পরিবারের হাল ধরার স্বপ্ন নিয়ে প্রতিদিন যাত্রা করতেন বাসে। কিন্তু গত ৪ আগস্ট সেই স্বপ্ন থেমে যায় চিরতরে। বিকেলে তার নিথর দেহ পৌঁছায় মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে। চালক আফজাল ও সুপারভাইজার রোকনুজ্জামান প্রথমে পরিবারকে জানান, রাসেল ভাঙ্গা এলাকায় দুর্ঘটনায় আহত হয়েছেন। পরে তাদের ফোন বন্ধ পাওয়া যায়। রাসেলের মাথা, কোমর ও উরুর গভীর ক্ষত দেখে পরিবার ও পুলিশ সন্দেহ করে এটি 'দুর্ঘটনা' নয়, হত্যাকাণ্ড। এর আগের ৮ মে গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে পারিবারিক কলহের জেরে জামাতা সবুজ আহম্মেদের ছুরিকাঘাতে নিহত হন চাচাশ্বশুর ইলিয়াস হোসেন (৪৭)। একইভাবে ২৩ ফেব্রুয়ারি গাংনীর বামন্দী ইউনিয়নের ছাতিয়ান-বদিয়াপাড়া মাঠের কলাবাগান থেকে উদ্ধার হয় ভ্যানচালক আতিয়ার রহমানের রক্তাক্ত লাশ। আরও আগে, ২ জানুয়ারি গাংনীর ষোলটাকা ইউনিয়নের সহড়াবাড়ীয়া গ্রামের মাঠে গলা কাটা অবস্থায় পাওয়া যায় যুবদল নেতা আলমগীর হোসেন (৩৮)-এর মরদেহ।



এসব ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। অপরাধবিজ্ঞানী ড. আব্দুর রহমান বলেন, "শুধু আর্থিক সংকট নয়, সমাজে সহমর্মিতা ও নৈতিকতার ঘাটতিই এসব ঘটনার মূল কারণ। মানুষ এখন সহজেই সহিংসতার আশ্রয় নিচ্ছে।" ছহিউদ্দিন ডিগ্রি কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ফররুখ আহমেদ বলেন, "অর্থনৈতিক চাপ, প্রযুক্তির অপব্যবহার ও পারিবারিক বন্ধনের দুর্বলতা মানুষের ধৈর্য কমিয়ে দিয়েছে। ছোট বিরোধও বড় সহিংসতায় রূপ নিচ্ছে।"তিনি আরও বলেন, অপরাধীদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে না পারলে সমাজে ভয় ও অবিশ্বাস আরও বাড়বে। বিশেষজ্ঞদের মতে, কেবল কঠোর আইন দিয়ে অপরাধ দমন সম্ভব নয় দরকার সামাজিক সংগঠনগুলোর

২-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে বাণিজ্যিকভাবে দেশীয় মাছ চাষের প্রসার

নিজস্ব প্রতিবেদক

কৃত্রিম উপায়ে দেশীয় প্রজাতির মাছ চাষের সম্ভাবনা সৃষ্টি হওয়ায় মেহেরপুর জেলায় বাণিজ্যিকভাবে দেশীয় মাছ চাষের ব্যাপক সম্প্রসারণ ঘটছে। শিং, মাগুর, কৈ, টেংরা, পুঁটি প্রভৃতি দেশীয় মাছ স্বাদে ও পুষ্টিগুণে উন্নত হওয়ায় ভোক্তাদের আগ্রহও ক্রমেই বাড়ছে। মৎস্য অধিদপ্তর সূত্রে জানা যায়, দেশীয় মাছ সাধারণত কম রাসায়নিক ব্যবহারেই চাষ করা যায়। এসব মাছ পরিবেশবান্ধব, স্বাস্থ্যসম্মত এবং রোগ প্রতিরোধ ক্ষমতাও তুলনামূলকভাবে বেশি। ফলে খাদ্য, ওষুধ ও রক্ষণাবেক্ষণ খরচ কম হওয়ায় চাষিরা সহজেই লাভবান হচ্ছেন। জেলা মৎস্য বিভাগের উদ্যোগে সদর, মুজিবনগর ও গাংনী উপজেলায় রাজস্ব খাতের আওতায় তিনটি দেশীয় মাছ চাষ প্রদর্শনী প্লট তৈরি করা হয়েছে। বর্তমানে ১৯ জন চাষি বাণিজ্যিকভাবে দেশীয় মাছ চাষে যুক্ত আছেন। সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের বড় মৎস্য খামারি শাহিন মল্লিক ২৪ বিঘা জমির ছয়টি পুকুরে মাগুর, শিং, টেংরা, পাবদা ও পুঁটিসহ বিভিন্ন দেশীয় মাছ চাষ করছেন। সরেজমিনে দেখা যায়, পারিবারিক চাহিদা মিটিয়েও তিনি সফলভাবে বাণিজ্যিক চাষ পরিচালনা করছেন। শাহিন মল্লিক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে এনসিপির জিসান স্মৃতি ক্লাবকে জার্সি বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা এনসিপির উদ্যোগে জিসান স্মৃতি ক্লাবের খেলোয়াড়দের মাঝে জার্সি বিতরণ করা হয়েছে। তরুণ ফুটবলারদের অনুপ্রেরণা জোগানো, মাদক ও অনলাইন জুয়ামুক্ত মেহেরপুর গড়ে তোলা এবং স্থানীয় ক্রীড়া অঙ্গনে নতুন উদ্দীপনা সৃষ্টির লক্ষ্যে গতকাল শুক্রবার সকালে এই জার্সি উপহার দেওয়া হয়।এনসিপি নেতারা

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে বিষ মাছ নিধনের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে শত্রুতার জেরে একটি পুকুরে বিষ ঢেলে প্রায় দুই লাখ টাকার মাছ নিধনের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (৯ অক্টোবর) বিকেল ৪টার দিকে এ ঘটনা ঘটে। অভিযুক্ত ব্যক্তি একই গ্রামের মৃত আব্দুর রহমান চৌকিদারের ছেলে সুজন (৩৫)। ভুক্তভোগী মাছচাষি জুলফিক্কার আলী জানান, বিকেলে তার পুকুরের মাছ হঠাৎ মরে ভেসে উঠতে শুরু করে। পরে জানা যায়, প্রতিবেশী সুজন ধানের জমিতে মাত্রাতিরিক্ত বিষ প্রয়োগ

২-এর পৃষ্ঠা দেখুন



## শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকিরের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেন ধানের শীষে ভোট চেয়ে গণসংযোগ করেছেন। গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ফতেহপুর গ্রামে এ গণসংযোগ কর্ম সূচি পালন করেন তিনি। এসময় তিনি ফতেহপুর গ্রামের বিভিন্ন

২-এর পৃষ্ঠা দেখুন

## বাগরাম ঘাঁটি নিয়ে যুক্তরাষ্ট্রের পরিকল্পনায় এশিয়ার বিরোধিতা

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানের বাগরাম বিমানঘাঁটি ফেরত চাওয়ার ঘোষণা দিয়ে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নতুন এক ভূরাজনৈতিক বিতর্কের জন্ম দিয়েছেন। তবে আশ্চর্যের বিষয় হলো এই পরিকল্পনার বিপক্ষে আফগানিস্তানের প্রায় সব প্রতিবেশী দেশ এক কণ্ঠে অবস্থান নিয়েছে। গত সেপ্টেম্বরে যুক্তরাজ্য সফরের সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টার্মারের পাশে বসে ট্রাম্প বলেন, "আমরা বাগরাম ঘাঁটি তালেবানের হাতে ছেড়ে দিয়েছিলাম বিনা মূল্যে। আমরা সেটি ফেরত চাই।"

২-এর পৃষ্ঠা দেখুন

## জীবনের মঞ্চে বহুমাত্রিক মোমিনুল হক

মুহম্মদ মহসীন



ভাবনাই তাঁর কাছে ফুল,পাখি আর শব্দ কথার রং ছড়ানো। সেই কৈশোরে জীবন থেকেই ছন্দ আর সভ্যতার খোঁজে সেই সাথে লেখাপড়াতে কেটেছে মোমিনুল হক এর সময়। স্কুল জীবনে তিনি পেয়েছিলেন প্রিয় শিক্ষক, মুক্তিযোদ্ধা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব আবুল কাশেম স্যারের অনুপ্রেরণা। সেখান থেকেই যুক্ত হন মঞ্চ নাটকে। কৌতুক অভিনেতা হিসেবে শিশু শিল্পী হয়েও দর্শক প্রিয়তা অর্জন করেছিলেন। অভিনয় করেছেন রম্য নাটক বদহজম, সূর্যোদয় সহ একাধিক নাটকে। কলেজ জীবনে কবিতা, ছোটগল্প, রম্যরচনা ও সমাজ উন্নয়নমূলক ভাবনায় লিখতে শুরু করেন। তাঁর লেখা প্রকাশিত হয়েছে করতোয়া, ইস্পাত, রানার,

২-এর পৃষ্ঠা দেখুন



## শোলমারীতে ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামবাসীর উদ্যোগে "শোলমারী ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্ট" এর উদ্বোধন করা হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে শোলমারী মাঠে বেলুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করেন মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন। শাহজাহান বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সভাপতি

২-এর পৃষ্ঠা দেখুন

## দক্ষিণ কোরিয়ার বিপক্ষে গোল বর্ষায় উড়লো ব্রাজিল

সূর্যোদয় প্রতিবেদন

কার্লো আনচেলত্তির অধীনে দুঃসময় কাটিয়ে ওঠা ব্রাজিল আরও একবার ছন্দময় ফুটবল উপহার দিল। আন্তর্জাতিক প্রীতি ম্যাচে দক্ষিণ কোরিয়ার বিপক্ষে তাদের মাঠে ৫-০ গোলে বিশাল জয় নিশ্চিত করলো 'মেন ইন ইয়েলো'। ম্যাচ শুরু থেকেই দলটি দাপট দেখায়। ১৩ মিনিটে ব্রুনো গুমারেসের থ্রো বল থেকে এস্তেভাও প্রথম গোল করেন। প্রথমার্ধে দুর্দান্ত খেলার মধ্যে রদ্রিগো ৪১ মিনিটে কাসেমিরোর অ্যাসিস্ট থেকে দলের দ্বিতীয় গোলটি করেন। দক্ষিণ কোরিয়া কিছুটা বল দখল করার চেষ্টা করলেও ব্রাজিলের কড়া প্রেসিংয়ে দাঁড়াতে পারছিল না। ম্যাচের দ্বিতীয়ার্ধের শুরুতেই এস্তেভাও

২-এর পৃষ্ঠা দেখুন



## ইসলাম আলী মাস্টারের মৃ'ত্যু বার্ষিকী পালিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক মরহুম ইসলাম আলী মাস্টারের ৮ম তম মৃ'ত্যু বার্ষিকী পালিত হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ে দোয়া মাহফিল ও ইসলাম আলী মাস্টারের বণ্যাঢ্য রাজনৈতিক জীবন নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। এসময় মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর

২-এর পৃষ্ঠা দেখুন

# সংসদ নির্বাচনের দিন গণভোটে ইসির ইতিবাচক মনোভাব

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ বাস্তবায়নে গণভোট আয়োজনের বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য হয়েছে। তবে এটি জাতীয় সংসদ নির্বাচনের সঙ্গে একদিনে নাকি আলাদা করে হবে, তা নিয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। ইসি কর্মকর্তারা জানিয়েছেন, ফেব্রুয়ারিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি তারা আগেই শুরু করেছেন। সরকার গণভোটের সিদ্ধান্ত নিলে সেই অনুযায়ী প্রস্তুতি নিতে সমস্যা হবে না বলে মনে করছেন তারা। নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাছউদ বলেন, "গণভোটের সিদ্ধান্ত রাজনৈতিক সমঝোতার ওপর নির্ভর করছে। সরকার সিদ্ধান্ত নিলে আমরা তা আয়োজন করতে পারব।" তিনি আরও বলেন, সংসদ নির্বাচন ও গণভোট একসঙ্গে হলে ব্যয় সাশ্রয় হবে এবং আলাদা করে আয়োজনের প্রয়োজন পড়বে না। ইসি সূত্রে জানা যায়, সংসদ নির্বাচনে ব্যয় ধরা হয়েছে প্রায় আড়াই হাজার কোটি টাকা। ১২ কোটির বেশি ভোটারের জন্য ৪০ হাজারেরও বেশি ভোটকেন্দ্র ও আড়াই লক্ষাধিক ভোটকক্ষ থাকবে। প্রবাসী ভোটারদের জন্য 'আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালট' ব্যবস্থাও যুক্ত হচ্ছে।

২-এর পৃষ্ঠা দেখুন


**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
- সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর(সীমান্তের মাদক পাচারের আগ্রাসন)

মাদক নিয়ে আর লিখব কত
মাদকে দেশ ভাসছে
কাটার বেড়া খুলে দিয়ে
বাংলাদেশের ঢুকছে।
আনছে যারা গরুর রাখাল
ভাড়ায় খাটে তারা
রাঘব বোয়াল এসি রুমে
গুনছে টাকা তাড়া তাড়া ।
খাচ্ছে ধরা বাহক বাবু
ধরছে শত শত
বলছে পুলিশ তাড়িয়ে বেড়ায়
ধরবো আর কত।
ধরতে হবে আসল মালিক
আইন কঠোর করো
একবার জেলে ভরতে পারলে
যাবিন পাবে নাকো ।





সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শনিবার ॥ ২৬ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১১ অক্টোবর ২০২৫ইং

# পুলিশ কমিশনের কাঠামো চূড়ান্ত

সূর্যোদয় প্রতিবেদন

বহু আলোচনার পর অবশেষে চূড়ান্ত হলো পুলিশ কমিশনের কাঠামো। সেবামুখী, জবাবদিহিমূলক ও মানবাধিকারে সচেতন পুলিশ প্রশাসন গঠনের লক্ষ্যে গঠিত এই কমিশনের সদস্য বাছাই হবে একটি সার্চ কমিটির মাধ্যমে। সার্চ কমিটিতে থাকবেন পাঁচজন সদস্য, যারা পুলিশ কমিশনের নয় সদস্যকে মনোনীত করবেন। বৃহস্পতিবার বিকেলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে উচ্চপর্যায়ের এক বৈঠকে এই রূপরেখা চূড়ান্ত করা হয়। বৈঠকে সভাপতিত্ব করেন স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী। উপস্থিত ছিলেন আইন উপদেষ্টা আসিফ নজরুল, শিল্প ও গৃহায়ন উপদেষ্টা আদিলুর রহমান খান, স্বরাষ্ট্র সচিব নাসিমুল গণি এবং পুলিশ মহাপরিদর্শক বাহারুল আলমসহ অন্য কর্মকর্তারা। প্রস্তাবিত পুলিশ কমিশনের অধীনে দুটি পৃথক কমিটি কাজ করবে। ১. নাগরিক অভিযোগ ব্যবস্থাপনা কমিটি। ২. পুলিশ সংক্ষোভ নিরসন কমিটি। এই দুটি কমিটি যথাক্রমে সাধারণ নাগরিকের অভিযোগ ও পুলিশ সদস্যদের অসন্তোষ বা অনিয়ম তদন্ত করবে। প্রতিটি কমিটিতে থাকবেন তিনজন সদস্য, যাঁরা কমিশনের নয় সদস্যের মধ্য থেকেই মনোনীত হবেন। পুলিশ কমিশনের প্রধান হবেন আপিল বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি। সদস্য হিসেবে থাকবেন ক্ষমতাসীন ও বিরোধী দল থেকে দুই সংসদ সদস্য, সাবেক একজন পুলিশ মহাপরিদর্শক, সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা, গ্রেড১ মর্যাদার অবসরপ্রাপ্ত অতিরিক্ত আইজিপি, বিচার বিভাগের অবসরপ্রাপ্ত একজন কর্মকর্তা, অন্তত ২০ বছর হাইকোর্টে কর্মরত একজন আইনজীবী এবং একজন মানবাধিকারকর্মী।

কমিশনের চেয়ারম্যান ও সদস্য সচিবসহ সাতজন পূর্ণকালীনভাবে দায়িত্ব পালন করবেন, বাকি দু'জন অবৈতনিকভাবে যুক্ত থাকবেন। অন্তত একজন নারী সদস্য অন্তর্ভুক্ত করার বিধানও রাখা হয়েছে। এয় কমিশন গঠন করতে একটি সার্চ কমিটিতে থাকবে। সার্চ কমিটিতে থাকবেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী, আপিল বিভাগের একজন বিচারপতি, স্বরাষ্ট্রবিষয়ক সংসদীয় কমিটির সভাপতি, মানবাধিকার কমিশনের চেয়ারম্যান বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, তাঁরাই পুলিশ কমিশনের নয় সদস্যের নাম চূড়ান্ত করবেন। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, এই কমিশনের অন্যতম লক্ষ্য হবে পুলিশকে আরও সেবামুখী ও মানবাধিকারসম্মত করা। কমিশন পুলিশের শক্তি প্রয়োগ, আটক, জিজ্ঞাসাবাদ ও তদন্ত কার্যক্রম আন্তর্জাতিক মানে উন্নীত করতে সুপারিশ করবে। প্রতিবছর রাষ্ট্রপতি সংসদে পুলিশের কার্যক্রম নিয়ে প্রতিবেদন পেশ করবেনড়যেখানে ব্যর্থতা, ত্রুটি এবং করণীয় তুলে ধরা হবে। কমিশনের মেয়াদ হবে পাঁচ বছর। বিভাগীয় পর্যায়ে কমিশনের অধীনে আলাদা টিম কাজ করবে, যাতে জবাবদিহি নিশ্চিত হয়। নাগরিকরা পুলিশের বিরুদ্ধে অভিযোগ জানাতে ভয় পেলে কমিশন স্বতঃপ্রণোদিত হয়ে তদন্ত চালাতে পারবে। যুক্তরাজ্য, ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কাসহ বিভিন্ন দেশে পুলিশ কমিশন কার্যকরভাবে কাজ করছে। বাংলাদেশের প্রস্তাবিত কমিশনও সেই মডেল অনুসরণ করে তৈরি করা হয়েছে। গত ফেব্রুয়ারিতে পুলিশ সংস্কার কমিশন তাদের ১১০ পৃষ্ঠার প্রতিবেদনে পুলিশের ১৩টি খাতে ব্যাপক সংস্কারের প্রস্তাব দেয়। ২২টি আইন সংশোধন ও পরিমার্জনের সুপারিশসহ স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি চার ধাপের বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তাব করে তারা। সেই সুপারিশ বাস্তবায়নের ধারাবাহিকতায় নতুন এই পুলিশ কমিশনের রূপরেখা

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## রান্নাঘর যেন না হয় অসুখের কারখানা

সূর্যোদয় প্রতিবেদন

প্রতিদিন আমরা রান্না করি, খাই কখনো একা, কখনো পরিবার মিলে। কিন্তু অনেক সময় নিজের অজান্তেই রান্নাঘর হয়ে ওঠে অসুখের কারখানা। যুক্তরাষ্ট্রে প্রতিবছর খাদ্যে বিষক্রিয়ায় প্রায় ৩ হাজার মানুষ মারা যান। বাংলাদেশেও এ সমস্যা সাধারণ। রান্নার আগে-পরে বা কাঁচা মাংস ধরার পর হাত না ধোয়া জীবাণু ছড়ানোর প্রধান কারণ। সমাধান: সাবান ও পানি দিয়ে অন্তত ২০ সেকেন্ড হাত ধুতে হবে; রান্নাঘরে হ্যান্ডওয়াশ ও তোয়ালে রাখুন। অল্প সেদ্ধ মাংস বা মুরগিতে সালমোনেলা ও ইকোলাই ব্যাকটেরিয়া থাকে। সমাধান: খাবার সম্পূর্ণ সেদ্ধ হয়েছে কি না নিশ্চিত করুন।
খাবার ঠান্ডা হতে থাকলেই ব্যাকটেরিয়া দ্রুত জন্মায়। সমাধান: খাওয়া শেষের দুই ঘণ্টার মধ্যে অবশিষ্ট খাবার ফ্রিজে রাখুন। একই বোর্ডে মাংস ও সবজি কাটলে জীবাণু ছড়ায়। সমাধান: মাছ-মাংস ও সবজির জন্য আলাদা বোর্ড ব্যবহার করুন; পাত্র ও সিঙ্ক নিয়মিত জীবাণুনাশক দিয়ে মুছুন।
হাত ধোয়া, খাবার ভালোভাবে রান্না করা, অবশিষ্ট খাবার সংরক্ষণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতাড়এই

৩-এর পৃষ্ঠা দেখুন



## প্রকাশিত সংবাদকে উদ্দেশ্যপ্রণোদিত দাবি আখেরুজ্জামানের

নিজস্ব প্রতিবেদক,গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের গাড়াডোব গ্রামে সরকারি সার বিতরণ সংক্রান্ত প্রকাশিত সংবাদকে 'উদ্দেশ্যপ্রণোদিত ও বিভ্রান্তিকর' বলে দাবি করেছেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান।
গতকাল শুক্রবার বিকেলে গাড়াডোব গ্রামে আখেরুজ্জামান'র ব্যক্তিগত কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, "আমার বিরুদ্ধে প্রকাশিত সংবাদে প্রকৃত ঘটনা গোপন করে রাজনৈতিকভাবে আমাকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করা হয়েছে। বাস্তবে আমি একজন ভুক্তভোগী। তিনি জানান, এ মাসে গাড়াডোব গ্রামের কৃষকদের জন্য সরকারিভাবে বিসিআইসি ডিলার ও সাব-ডিলারের মাধ্যমে মোট ৩৬

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনকে প্রভাবিত করার অপচেষ্টা চলছে: গোলাম পরওয়ার

সূর্যোদয় প্রতিবেদন

প্রশাসনে বিশেষ দলের লোক বসিয়ে আসন্ন জাতীয় নির্বাচনকে প্রভাবিত করার অপচেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, "কোনো বিশেষ দলের প্রতি দুর্বল হয়ে কিংবা কারও চাপে মাথা নত করে প্রশাসনে পছন্দের লোক নিয়োগের মাধ্যমে নির্বাচন প্রভাবিত করার চেষ্টা চলছে।" শুক্রবার (১০ অক্টোবর) রাজধানীর বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ ফটকে আয়োজিত বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব অভিযোগ তোলেন। অধ্যাপক গোলাম পরওয়ার বলেন, "এ ধরনের পদায়ন বন্ধ করে নির্বাচনের মাঠকে সমতল করতে হবে। যাতে প্রত্যেকটি ছোট-বড় রাজনৈতিক দল

৩-এর পৃষ্ঠা দেখুন



## ধানের শীষ নিয়ে অযথা টানাটানি কেন: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির নির্বাচনী প্রতীক 'ধানের শীষ' নিয়ে অযথা বিতর্ক ও টানাটানির অভিযোগ তুলেছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, 'ভাই, আমরা তো তোমাদের মার্কায় বাধা দিইনি। কোন মার্কা তোমাদের দেবে, তা নির্বাচন কমিশনই সিদ্ধান্ত নেবে। অযথা বিএনপির ধানের শীষকে নিয়ে টানাটানি কেন?' শুক্রবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। স্বৈরাচারবিরোধী গণআন্দোলনের শহীদ নাজির উদ্দিন জেহাদের শাহাদাতবার্ষিকী উপলক্ষে বিএনপি এ আলোচনা সভার আয়োজন করে। মির্জা ফখরুল বলেন, ধানের শীষ আজ অপ্রতিরোধ্য এক প্রতীকে পরিণত হয়েছে। 'সারাদেশে ধানের

৩-এর পৃষ্ঠা দেখুন

## ওয়ানডে নেতৃত্ব হারানো রোহিতকে সান্ত্বনা দিলেন সৌরভ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের ওয়ানডে অধিনায়কত্বে বড় পরিবর্তন আনা হয়েছে। অভিজ্ঞ ব্যাটসম্যান রোহিত শর্মাকে ওয়ানডে দলের নেতৃত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে এবং তার দায়িত্ব এখন তরুণ শুবমান গিলের কাঁধে দেওয়া হয়েছে। এই সিদ্ধান্তকে যথাযথ মনে করছেন ভারতের সাবেক অধিনায়ক সৌরভ গাঙ্গুলী। শুক্রবার (১০ অক্টোবর) কলকাতায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সৌরভ বলেন, "আমি নিশ্চিত নই রোহিতকে সরিয়ে দেওয়া হয়েছে নাকি অন্য কোনো সিদ্ধান্ত হয়েছে। তবে মনে হয়, এটা দুই পক্ষের মধ্যে আলোচনার মাধ্যমে নেওয়া হয়েছে। কারণ, রোহিত একজন অসাধারণ অধিনায়ক। গত দুই বছরে তিনি টি-২০ বিশ্বকাপ ও চ্যাম্পিয়নস ট্রফি জিতেছেন। তাই রোহিতের পারফরম্যান্স

৩-এর পৃষ্ঠা দেখুন



## ইসরাইলের বন্দিদশা থেকে মুক্তি পেলেন শহিদুল আলম

সূর্যোদয় প্রতিবেদন

খ্যাতনামা আলোকচিত্রী ও লেখক ড. শহিদুল আলম অবশেষে ইসরাইলের আটক থেকে মুক্তি পেয়েছেন। বুধবার (৮ অক্টোবর) ভোরে ফ্রিডম ফ্লোটিলার 'কনশানস' জাহাজে থাকা অবস্থায় ইসরাইলি দখলদার বাহিনী তাঁকে ও আরও বেশ কয়েকজন সাংবাদিক, স্বাস্থ্যকর্মী ও ক্রু সদস্যকে আটক করে। কয়েকদিনের বন্দিদশা শেষে বৃহস্পতিবার (১০ অক্টোবর) বিকেলে তিনি মুক্তি পান। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের প্রেস উইং এক ফেসবুক পোস্টে জানায়, "ইসরায়েল থেকে আজ বিকেলে একটি ফ্লাইট ছেড়েছে, যাত্রীর তালিকায় আছেন বাংলাদেশের খ্যাতনামা আলোকচিত্রী ও মানবাধিকার কর্মী ড. শহিদুল আলম। তুরস্কের সূত্রে জানা গেছে, ফ্লাইটটি টিকে ৬৯২১ স্থানীয় সময় দুপুর আড়াইটার দিকে ইস্তাম্বুলে অবতরণ করার

৩-এর পৃষ্ঠা দেখুন



## শিশু শান্তি 'নোবেল' পুরস্কারে মনোনীত সাতক্ষীরার সুদীপ্ত

সূর্যোদয় প্রতিবেদন

সাতক্ষীরার তরুণ সমাজকর্মী সুদীপ্ত দেবনাথ (১৫) শিশুদের 'নোবেল' হিসেবে পরিচিত আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার২০২৫ এর জন্য মনোনীত হয়েছেন। শিশু সুরক্ষা, জলবায়ু ন্যায়বিচার ও শিক্ষার প্রসারে তার অবদানের স্বীকৃতি হিসেবে এই মনোনয়ন দেওয়া হয়েছে। সুদীপ্ত দেবনাথ সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয় থেকে ২০২৫ সালে

৩-এর পৃষ্ঠা দেখুন



## ডোনাল্ড ট্রাম্প নয়, শান্তিতে নোবেল পেলেন মারিয়া কোরিনা মাচাদো

সূর্যোদয় প্রতিবেদন

এ বছরের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন ভেনেজুয়েলার গণতন্ত্রপন্থী নেত্রী মারিয়া কোরিনা মাচাদো। দেশটির জনগণের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠায় তাঁর দীর্ঘ ও সাহসী ভূমিকার স্বীকৃতি হিসেবে এই পুরস্কার দেওয়া হয়েছে বলে জানিয়েছে নরওয়েজিয়ান নোবেল কমিটি। বাংলাদেশ সময় শুক্রবার নরওয়ের রাজধানী অসলোতে

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান ক্লথ স্টোর
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাসানের নান্দনিক সংগ্রহ।
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক।
সালোয়ার কামিজ থ্রি-পিস,শাড়ি, পাঞ্জাবি সবকিছু।
ঈদ,পুজা,বিয়ে বা যেকোন উৎসবে বিশেষ কালেকশন।
একবার আসুন,দেখুন- তারপরই বুঝবেন পার্থক্য
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর।
০১৭১৮৫৫২৭৮৪, ০১৬৭৩৯৮০০৪৪


জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## কম্পিউটার ধীর দ্রুত করার ৯টি সহজ উপায়

সূর্যোদয় প্রতিবেদন

প্রযুক্তিনির্ভর এই যুগে কম্পিউটার ছাড়া জীবন প্রায় অচল। অফিস, পড়াশোনা বা বিনোদন প্রতিটি ক্ষেত্রেই এর প্রয়োজন। তবে সময়ের সঙ্গে সঙ্গে পিসির গতি কমতে শুরু করে। কাজের গতি বাধাগ্রস্ত হয় এবং ব্যবহারকারীর ভোগান্তিও বেড়ে যায়। নতুন কম্পিউটার ধীর মনে হলে বা পুরোনো পিসি দ্রুত করতে চাইলে নিচের টিপসগুলো কাজে লাগান: হার্ডডিস্ক পরিষ্কার রাখুন : অপ্রয়োজনীয় ফাইল, ইনস্টলার বা অফলাইন ওয়েব পেজ মুছে ফেলুন। উইন্ডোজ-এ ডিস্ক ক্লিনআপ ব্যবহার করুন। অপ্রয়োজনীয় অ্যাপ সরান: অ্যাপস এবং ফিচার থেকে অপ্রয়োজনীয় সফটওয়্যার আনইনস্টল করুন। স্টার্টআপ প্রোগ্রাম



নিয়ন্ত্রণ করুন: টাস্ক ম্যানেজার ? স্টার্টআপ ট্যাব থেকে অপ্রয়োজনীয় প্রোগ্রাম ডিসেবল করুন।সার্চ ইনডেক্সিং বন্ধ করুন: ফাইল সার্চ কম করলে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শনিবার, ১১ অক্টোবর ২০২৫ ইং

## সীমান্তের মাদক আগ্রাসন : মূল হোতারা অধরাই

দক্ষিণ-পশ্চিম সীমান্তবর্তী মেহেরপুর জেলায় প্রতিদিনই চলছে মাদক পাচারের নীরব যুদ্ধ। সীমান্ত পেরিয়ে আসছে ফেনসিডিল, গাঁজা, ইয়াবা, হেরোইন ও মদ। ধরা পড়ছে খুচরা বিক্রেতা ও বহনকারীরা, অথচ মূল হোতারা রয়ে যাচ্ছে অধরাই। গত তিন মাসে বিভিন্ন সংস্থার অভিযানে উদ্ধার হয়েছে ৮,৫৬০ বোতল ফেনসিডিল, ৫৫ কেজি গাঁজা, ৮০০ গ্রাম হেরোইন ও ৮৭৬টি ইয়াবা। দায়ের হয়েছে শতাধিক মামলা। কিন্তু বড় চক্রের কেউ ধরা পড়ে না।মাদক শুধু অপরাধ নয়, এটি এখন সীমান্তবাসীর জীবনের অভিশাপ। একের পর এক পরিবার ভেঙে যাচ্ছে, তরুণ প্রজন্ম জড়িয়ে পড়ছে নেশায়। নারী ও শিশুদের ব্যবহার করা হচ্ছে পাচারে, কারণ তাদের জন্য আইনি শাস্তি তুলনামূলক কম। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান চললেও মূল হোতাদের গ্রেপ্তার করা যাচ্ছে না এটা গভীর উদ্বেগের বিষয়। এখনই সীমান্তে গোয়েন্দা তৎপরতা বাড়ানো এবং বড় মাদক ব্যবসায়ীদের বিচারের মুখোমুখি করা জরুরি। অন্যথায় এই সীমান্ত একদিন পুরো দেশের জন্য ভয়াবহ বিপর্যয়ে রূপ নেবে।

## শিক্ষক: দারিদ্র্যের নয়, মর্যাদার প্রতীক

রাব্বি আহমেদ



শিক্ষক সমাজের দিশারি, জাতির নির্মাতা। কিন্তু দুঃখজনকভাবে আমাদের সমাজে এই মহান পেশা প্রায়ই আর্থিক অনটনের প্রতীক হিসেবে উপস্থাপিত হয়। অথচ শিক্ষকতা কেবল জীবিকা নয় এ এক মহৎ দায়িত্ব, এক মানবিক পেশা, যার প্রভাব প্রজন্ম থেকে প্রজন্মে ছড়িয়ে পড়ে। শিক্ষক দারিদ্র্যের প্রতীক হতে পারেন না; বরং তিনি মর্যাদার, জ্ঞানের ও নৈতিকতার প্রতীক। একজন শিক্ষক কেবল পাঠ্যবই পড়ান না, তিনি শিক্ষার্থীর চিন্তাকে জাগিয়ে তোলেন। মানুষকে মানুষ হতে শেখান। তাই কোনো সমাজের উন্নয়ন নির্ভর করে তার শিক্ষকের মান, মর্যাদা ও সম্মানের ওপর। অথচ আজ অনেক শিক্ষক নিম্ন বেতনে, সীমিত সুযোগ-সুবিধায়, সামাজিক অস্বীকৃতির মাঝে পেশাগত দায়িত্ব পালন করছেন। অনেক সময় পরিবারে, সমাজে এমনকি শিক্ষার্থীর কাছেও প্রাপ্য সম্মান পান না। এতে শিক্ষক পেশা নতুন প্রজন্মের কাছে আকর্ষণ হারায় যা জাতির ভবিষ্যতের জন্য গভীর সংকেত। শিক্ষককে অর্থনৈতিকভাবে শক্তিশালী করা মানেই কেবল তার জীবনমান উন্নয়ন নয়, বরং শিক্ষা ব্যবস্থার ভিত্তিকে দৃঢ় করা। কারণ যিনি নিজের মৌলিক চাহিদা পূরণে হিম-শিম খান, তিনি পুরো মন-প্রাণ দিয়ে শিক্ষাদানে মনোযোগী হতে পারেন না। তাই রাষ্ট্রের উচিত শিক্ষককে এমন মর্যাদা, সম্মান ও আর্থিক নিরাপত্তা দেওয়া, যাতে সমাজে তাঁর অবস্থান সত্যিকার অর্থেই 'দিশারি'র হয়, 'দরিদ্র কর্মচারী'র নয়। তবে শিক্ষক মর্যাদার প্রতীক হতে হলে শিক্ষককেও আত্মমর্যাদাবোধে দৃঢ় হতে হবে। শিক্ষার্থীর সামনে তাঁর আচরণ, কথাবার্তা, সততা ও মূল্যবোধ এমন হওয়া দরকার যা অনুকরণীয়। একজন সৎ, জ্ঞানী ও নিবেদিতপ্রাণ শিক্ষক কখনও দারিদ্র্যের প্রতীক হতে পারেন না; বরং তাঁর জ্ঞানের আলোয় আলোকিত হয় সমাজ। আজ সময় এসেছে এই পেশাকে মর্যাদার আসনে পুনঃস্থাপন করার। শিক্ষককে শুধু পাঠদানকারী নয়, সমাজ পরিবর্তনের কারিগর হিসেবে বিবেচনা করতে হবে। তাঁদের প্রাপ্য সম্মান, সুবিধা ও সুযোগ নিশ্চিত করতে হবে রাষ্ট্র ও সমাজ কারণ শিক্ষক সম্মানিত হলে শিক্ষার্থীও শিখবে সম্মান করতে, সমাজ শিখবে আলোর পথে চলতে। শিক্ষক তাই দারিদ্র্যের নয় মর্যাদার প্রতীক। এই সত্যটি শুধু মুখে নয়, বাস্তবেও প্রতিষ্ঠিত হওয়া দরকার।

## রক্ত-সম্পর্কের অবনতির কুফল ও রক্ষার ফজিলত

মোঃ নূর রহমান

পরিবারে স্বামী-স্ত্রীর মধ্যে যদি মিল-মিশ না থাকে, পারস্পরিক ছাড় দেওয়ার মানসিকতা না থাকে, তবে সেই সংসার পরিণত হয় এক জাহান্নামী জীবনে। শান্তি হারিয়ে যায় পুরো পরিবার থেকে। অনেক সময় এমন পরিবারে আত্মহত্যার ঘটনাও দেখা যায়। তেমনি আত্মীয়-স্বজনের মধ্যে অহংকার, স্বার্থপরতা, অবহেলা বা অর্থলিপ্সা দেখা দিলে সম্পর্কের বন্ধন দুর্বল হয়ে পড়ে। কোনো আত্মীয় যদি অন্যজনকে হীন ভাবেন বা এড়িয়ে চলেন, তবে তার আচরণে যে আত্মীয় কষ্ট পায়, সে মুখে না বললেও অন্তরে অভিশাপ বহন করে। এই মানসিক যন্ত্রণার প্রতিকার হলো আল্লাহর ওপর ভরসা রেখে শান্ত থাকা ও তাঁর কাছে দো'আ করা, যেন আত্মীয়তার বন্ধন টিকে থাকে। আজকাল সমাজে আত্মীয়তার বন্ধন রক্ষার বিষয়টি ভয়াবহভাবে অবহেলিত। ধর্মচর্চায় যতই যত্নশীল কেউ হোক না কেন, অনেক সময় আত্মীয়তার হক আদায়ে উদাসীন থাকে। অথচ ইসলামে এর গুরুত্ব অপরিসীম। আল্লাহ তাআলা বলেন,"আত্মীয়কে তার হক দাও, অভাবগ্রস্ত ও মুসাফিরকেও। যারা আল্লাহর সন্তুষ্টি কামনা করে, তাদের জন্যই এটা শ্রেয়।" রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "যে তোমাকে বঞ্চিত করে, তুমি তাকে দান করো; যে তোমার প্রতি জুলুম করে, তুমি তাকে ক্ষমা করো;
আর যে আত্মীয়তার বন্ধন ছিন্ন করে, তুমি তার সঙ্গে সম্পর্ক বজায় রাখো।" আরেক হাদিসে তিনি বলেন, "যে ব্যক্তি আল্লাহর ইবাদত করে, নামাজ কায়েম করে, যাকাত দেয় ও আত্মীয়তার সম্পর্ক রক্ষা করে সে জান্নাতে প্রবেশ করবে।" অন্য হাদিসে এসেছে "যে তার আত্মীয়তার সম্পর্ক বজায় রাখে, আল্লাহ তার রিজিক বৃদ্ধি করেন ও আয়ু দীর্ঘ করেন।" "যারা আল্লাহর চুক্তি ভঙ্গ করে, আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করে ও পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করে তাদের জন্য রয়েছে অভিশাপ ও আখিরাতের মন্দ আবাস।" রাসুল (সা.) আরও বলেন, "আত্মীয়তা ('রেহম') আল্লাহর আরশের সঙ্গে যুক্ত। যে সম্পর্ক রাখে, আল্লাহ তার সঙ্গে সম্পর্ক রাখেন; আর যে ছিন্ন করে, আল্লাহও তার সঙ্গে সম্পর্ক ছিন্ন করেন।" হাদিসে আরও এসেছে, "দুটি পাপের শাস্তি দুনিয়াতেও হয়, আখিরাতেও হয়ড়তার একটি আত্মীয়তার বন্ধন ছিন্ন করা।" আর নবী করিম (সা.) সতর্ক করে বলেছেন, "যে আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করে, সে জান্নাতে প্রবেশ করবে না।" আসুন, আমরা আত্মীয়তার বন্ধনকে টিকিয়ে রাখি, অভিমান নয় ভালোবাসা দিয়ে সম্পর্ক জিইয়ে রাখি। মহান রব আমাদের সবাইকে "সিলায়ে রেহেমী" অর্থাৎ আত্মীয়তার সম্পর্ক রক্ষা ও হক আদায়ে সফলতা দান করুন। আমীন।

## মেহেরপুরে বাণিজ্যিকভাবে দেশীয়

(প্রথম পৃষ্টার পর)

জানান, ২০১১ সালে প্রথম তিনি ক্যাটফিশ জাতের মাছ চাষ শুরু করেন। বর্তমানে বছরে প্রায় কোটি টাকার লেনদেন হয় এবং গড়ে ২০ লাখ টাকার বেশি লাভ করে আসছেন। যদিও মাছের খাবারের দাম বাড়ায় লাভ কিছুটা কমে গেছে।

তিনি বলেন, "বাড়ির পাশে ছোট পুকুর বা খালেও দেশীয় মাছ চাষ করে ভালো আয় করা যায়। ভবিষ্যতে নিজস্ব হ্যাচারি স্থাপনের পরিকল্পনা করছি, এতে নিজেই পোনা উৎপাদন করে খরচ কমিয়ে চাষ বাড়াতে পারব।" শাহিনের সাফল্যে অনুপ্রাণিত হয়ে জেলার অনেক তরুণ ও শিক্ষিত যুবক এখন বাণিজ্যিকভাবে দেশীয় মাছ চাষে যুক্ত হচ্ছেন। মেহেরপুরের মাছ ব্যবসায়ী ভক্ত হালদার জানান, "ইলিশের পরেই দেশীয় মাছের চাহিদা বেশি। অতিথি আপ্যায়ন ও বিভিন্ন অনুষ্ঠানে ছোট মাছের চাহিদা বেড়েছে, ফলে দামও ভালো পাওয়া যায়।" জেলা মৎস্য কর্মকর্তা সাধন চন্দ্র সরকার বলেন, "দেশীয় প্রজাতির মাছ খাদ্য নিরাপত্তা, পুষ্টি সরবরাহ ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বর্তমানে ১৯ জন চাষি বাণিজ্যিকভাবে দেশীয় মাছ চাষ করছেন। এটি জলজ জীববৈচিত্র্য সংরক্ষণেও সহায়ক।" তিনি আরও বলেন, একজন সফল চাষি বছরে ১৫ টন পর্যন্ত দেশীয় মাছ উৎপাদন করে লক্ষাধিক টাকা আয় করতে পারেন। সরকারি সহায়তা, প্রশিক্ষণ ও প্রযুক্তি ব্যবহারের ফলে এই খাত দ্রুত বিকশিত হচ্ছে।

## মেহেরপুরে বিভিন্ন হত্যাকাণ্ড

(প্রথম পৃষ্টার পর)

সক্রিয়তা, পারিবারিক বন্ধন মজবুতকরণ ও মূল্যবোধভিত্তিক সমাজ গঠন। তাদের ভাষায়, "যতদিন না সমাজে পারস্পরিক শ্রদ্ধা, সহমর্মিতা ও নৈতিক বোধ ফিরে আসবে, ততদিন সহিংসতার এই ধারা থামানো কঠিন।" মেহেরপুরে সাম্প্রতিক হত্যাকাণ্ড শুধু আইনশৃঙ্খলার দুর্বলতাই নয়, সামাজিক কাঠামোর ভাঙনকেও উন্মোচিত করেছে। এখন সময় পরিবার, সমাজ ও রাষ্ট্র একসঙ্গে এগিয়ে এসে এই সহিংসতা রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার।.

## মেহেরপুরে এক মাসে ২৫ জনের

(প্রথম পৃষ্টার পর)

পানিতে ডুবে মুরসালিন (১১) নামের এক শিশুর মৃত্যু হয়। ১০ সেপ্টেম্বর সদর উপজেলার গোপালপুরে গরুবাহী ট্রলির ধাক্কায় এক অজ্ঞাত (মানসিক ভারসাম্যহীন) নারী নিহত হন। ১৪ সেপ্টেম্বর গাংনী উপজেলার কাজীপুর গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রাব্বি হোসেন (১৩) নামের এক স্কুলছাত্র মারা যায়। ১৭ সেপ্টেম্বর গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামে সাপের কামড়ে মাইশা আক্তার (৫) নামের এক শিশুর মৃত্যু হয়। ২১ সেপ্টেম্বর মেহেরপুর শহরের জার্মান সিটি গার্ডেন এলাকায় পাঁচতলা ভবনে কাজ করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শ্রমিক তারিক গুরুতর আহত হন; পরে ২৬ সেপ্টেম্বর ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মারা যান। ২৬ সেপ্টেম্বর সদর উপজেলার শুভরাজপুর গ্রামে বন্ধুদের সঙ্গে ভৈরব নদে গোসল করতে গিয়ে মহিনুল ইসলাম ডুবে মারা যায়। ২৭ সেপ্টেম্বর গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামে খালের কচুরিপানায় আটকে ইয়াকুব আলী (১৩) নামের এক শিশুর মৃত্যু হয়। এই ২৫টি মৃত্যুর বিশ্লেষণে দেখা যায়, মেহেরপুরে আত্মহত্যা, পানিতে ডুবে মৃত্যু ও দুর্ঘটনাজনিত প্রাণহানি এখন ক্রমবর্ধমান সামাজিক সংকটে পরিণত হচ্ছে। সমাজবিজ্ঞানীরা বলছেন, অর্থনৈতিক অনিশ্চয়তা, পারিবারিক কলহ ও মানসিক চাপ এর পেছনে বড় কারণ হয়ে উঠছে।

## মেহেরপুরে এনসিপির জিসান স্মৃতি

(প্রথম পৃষ্টার পর)

জানান, ক্রীড়া শুধু বিনোদনের মাধ্যম নয় এটি তরুণ প্রজন্মকে সঠিক পথে পরিচালিত করার একটি শক্তিশালী উপায়। ভবিষ্যতেও মেহেরপুরের ক্রীড়াঙ্গনের উন্নয়নে এনসিপি পাশে থাকবে এবং প্রতিভাবান খেলোয়াড়দের সহযোগিতা করে যাবে।

অনুষ্ঠানে খেলোয়াড়দের হাতে জার্সি তুলে দেওয়ার সময় জেলা কমিটির সদস্য মো. তামিম ইসলাম, হাসনাত জামান সৈকতসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## গাংনীতে বিষ মাছ নিধনের অভিযোগ

(প্রথম পৃষ্টার পর)

করেন, যা পুকুরের পানিতে মিশে মাছ মারা যায়। স্থানীয় আয়েশা খাতুন জানান, কিছুদিন আগে পুকুরের পাড় ভেঙে মাছ সুজনের জমিতে গেলে তিনি চায়না জাল পেতে মাছ ধরেন। এতে জুলফিক্কার বাধা দিলে ক্ষিপ্ত হয়ে সুজন বিষ ঢেলে প্রতিশোধ নেন বলে অভিযোগ করেন তিনি। আড়াই বিঘা পুকুরে মনোসেক্স তেলাপিয়া, পুঁটি ও দেশীয় মাছ চাষ করা ছিল। বিষক্রিয়ায় সব মাছ মারা যাওয়ায় প্রায় দুই লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে দাবি ভুক্তভোগীর। গাংনী থানার ওসি বানী ইসরাইল বলেন, "ঘটনার বিষয়ে এখনো লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

## জীবনের মঞ্চে বহুমাত্রিক মোমিনুল হক

(প্রথম পৃষ্টার পর)

সাপ্তাহিক মুজিবনগর সহ বিভিন্ন পত্রিকায়। দীর্ঘদিন ধরে তিনি মেহেরপুরের ঐতিহ্যবাহী সাহিত্য-সংস্কৃতি সংগঠন "ভৈরব সাহিত্য সাংস্কৃতিক" এর নির্বাহী সদস্য হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। সাহিত্যচর্চার পাশাপাশি তিনি সরকারি চাকরিতেও সফল। বর্তমানে মেহেরপুর বক্ষব্যাধি হাসপাতালে মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওলজি? অ্যান্ড ইমেজিং) পদে কর্মরত। সমাজের অনাথ ও দুঃস্থ মানুষের জন্য কিছু করার তীব্র ইচ্ছা তাঁর এখনো অব্যাহত। তাঁর খারাপ ও কষ্ট পাওয়ার কথা বলতে গিয়ে বলেন রাজনীতির মধ্যে রাজনীতি ঢুকে পড়া, ভালো লাগে কি! এমন এক প্রশ্নের উত্তরে তিনি বলেন পৃথিবীর সবকিছুই তাঁর কাছে ভালো লাগে যদিও মন্দটাও কম নয় বলে মনে করেন তিনি। চাকরির পাশাপাশি ধর্মীয় চর্চা, বই পড়া ও সমাজসেবায় সময় দেন। দাম্পত্য জীবনে সহধর্মিণী মোছাঃ নুরজাহান, মহিলা দাখিল মাদ্রাসা এর সহকারী ইংরেজি শিক্ষক। দুই সন্তানের জনক তিনি মেয়ে ডা. মুহাইমিনা বিনতে মোমিন (এমবিবিএস ডাক্তার) ও তাঁর স্বামী একজন ট্রিপল ই ইঞ্জিনিয়ার; উভয়েই লন্ডন প্রবাসী। পুত্র নাফিজ ফুয়াদ মাইক্রোবায়োলজিতে অধ্যয়নরত নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় এর শেষ বর্ষের ছাত্র।? বহুমাত্রিক এই মানুষ মোমিনুল হক জীবনের প্রতিটি অধ্যায়ে সৃজনশীলতা, মানবিকতা ও সংস্কৃতি প্রেমের উজ্জ্বল উদাহরণ। জন্ম সাল ২২, ৯,১৯৬৮ জন্মস্থান মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামে।

## শোলমারীতে ইয়ং স্টার ফুটবল

(প্রথম পৃষ্টার পর)

জাহিদুল হক, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, আলাউদ্দিন বিশ্বাস ও জাহাঙ্গীর হোসেন। এছাড়া বক্তব্য রাখেন ছহিউদ্দিন ডিগ্রি কলেজের শিক্ষক মাজহারুল ইসলাম হেলেন, সাদিকুজ্জামান সেন্টু, ছহিউদ্দিন বিশ্বাস প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে টুর্নামেন্ট কমিটির সাধারণ সম্পাদক উসনাই, কোষাধ্যক্ষ শফিকুল ইসলামসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। টুর্নামেন্টে মোট ১৬টি দল অংশ নিচ্ছে। এর মধ্যে রয়েছে নাটোরের গুরুদাসপুর একাদশ, জিসান স্মৃতি ক্লাব, ফতেহপুর ফুটবল একাদশ, শুভরাজপুর বর্ডার বয়েজ, রাধিকানগর একাদশ, এস আর ফুটবল একাডেমি, রুদ্রনগর একাদশ, সততা জুয়েলার্স, গাংনী ইয়াং স্টার ক্লাব, শোলমারী ইয়াং ফুটবল একাদশ, রশিকপুর, হিজলবাড়িয়া, শ্যামপুর, ধলা, এএস ও রামদাসপুর একাদশ। উদ্বোধনী খেলায় জিসন স্মৃতি ক্লাব ২-১ গোলে নাটোরের গুরুদাসপুর একাদশকে পরাজিত করে। খেলায় বিজয়ী দলের মাসুম ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন।

## দক্ষিণ কোরিয়ার বিপক্ষে গোল বর্ষায়

(প্রথম পৃষ্টার পর)

তার দ্বিতীয় গোল করেন (৪৭ মিনিট), যা কোরিয়ার রক্ষণভাগের বড় ভুল থেকে আসে। কেবল দুই মিনিটের ব্যবধানে রদ্রিগো তার দ্বিতীয় গোলের জন্য দারুণ দলীয় সমন্বয় দেখান, যেখানে কাসেমিরো ও ভিনিসিয়ুসের অবদান গুরুত্বপূর্ণ। ৭৭ মিনিটে ভিনিসিয়ুস জুনিয়র তার প্রাপ্য গোলটি পান, যখন কোরিয়া পুরো দল সামনের দিকে তোলার চেষ্টা করছিল। শেষ পর্যন্ত ম্যাচের একতরফা প্রভাবেই থেমে যায়। ব্রাজিলের এই ৫-০ গোলের জয়ে আনচেলত্তির দল দেখালো তারা আবারও বিশ্বমানের ফুটবল খেলার ক্ষমতা রাখে।

## সংসদ নির্বাচনের দিন গণভোটে ইসির

(প্রথম পৃষ্টার পর)

মনোভাবএকসঙ্গে দুই ভোট আয়োজনের পক্ষে বিশেষজ্ঞরাও মত দিয়েছেন। নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের সদস্য আবদুল আলীম বলেন, "দ্রুত সিদ্ধান্ত হলে ইসির জন্য এটি বড় চ্যালেঞ্জ হবে না।" চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক নিজাম উদ্দিন আহমদ মনে করেন, "বিশ্বের অনেক দেশেই জাতীয় নির্বাচনের সঙ্গে গণভোট হয়, একসঙ্গে করাই সহজ উপায়।"

## ইসলাম আলী মাস্টারের মৃ'ত্যু বার্ষিকী পালিত

(প্রথম পৃষ্টার পর)

খান সাতু, ইলিয়াস হোসেন, খাইরুল বাশার, বিএনপি নেতা ওমর ফারুক লিটন, স্বেচ্ছাসেবক দলের আহবায়ক আমল হোসেন মিন্টু সহ বিভিন্ন নেতা-কমী।

## বাগরাম ঘাঁটি নিয়ে যুক্তরাষ্ট্রের

(প্রথম পৃষ্টার পর)

কয়েক দিন পর সামাজিক মাধ্যমে তিনি হুঁশিয়ারি দেন, আফগানিস্তান যদি ঘাঁটি যুক্তরাষ্ট্রকে না ফেরায়, তাহলে "খারাপ কিছু ঘটতে পারে।" এর জবাবে তালেবান দ্রুত প্রতিক্রিয়া জানায়। তারা জানায়, কোনো অবস্থাতেই আফগান জনগণ বাগরাম ঘাঁটি বিদেশি শক্তির হাতে তুলে দেবে না। ২০২১ সালে কাবুল দখলের পর থেকে তালেবান আফগানিস্তানের পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। এরই মধ্যে রাশিয়ার মস্কোতে অনুষ্ঠিত সপ্তম 'মস্কো ফরম্যাট' বৈঠকে রাশিয়া, চীন, ভারত, পাকিস্তান, ইরান, কাজাখস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান ও কিরগিজস্তানের প্রতিনিধিরা একমত হয়ে ঘোষণা দেনড়আফগানিস্তানে বা আশপাশের অঞ্চলে কোনো বিদেশি সামরিক ঘাঁটি স্থাপন করা হবে না। বিশ্লেষকরা মনে করছেন, এই ঘোষণা যুক্তরাষ্ট্রের পরিকল্পনার প্রতিক্রিয়াতেই এসেছে। বাগরাম ঘাঁটি কাবুল থেকে মাত্র ৪৪ কিলোমিটার উত্তরে, যা ১৯৫০-এর দশকে সোভিয়েত ইউনিয়ন নির্মাণ করেছিল। পরবর্তীতে এটি ন্যাটো বাহিনীর সন্ত্রাসবিরোধী যুদ্ধের প্রধান ঘাঁটিতে পরিণত হয়। বর্তমানে এটি তালেবানের নিয়ন্ত্রণে। রাশিয়া, চীন, ইরান, পাকিস্তান ও ভারত সবাই যুক্তরাষ্ট্রের সম্ভাব্য সামরিক প্রত্যাবর্তনকে অস্বস্তিকর হিসেবে দেখছে। মধ্য এশিয়ার দেশগুলোও আশঙ্কা করছে, যুক্তরাষ্ট্রের ঘাঁটি স্থাপন মানে সরাসরি মার্কিনুরুশচীন প্রতিদ্বন্দ্বিতার ফ্রন্টলাইনে পড়া। আঞ্চলিক বিশ্লেষক তৈমুর খান বলেন, "এলাকার দেশগুলো আশঙ্কা করছে, আবারও যুক্তরাষ্ট্রের সামরিক উপস্থিতি গোয়েন্দা তৎপরতা, অস্থিতিশীলতা ও প্রক্সি সংঘর্ষ বাড়াবে।" ক্রাইসিস গ্রুপের বিশ্লেষক ইব্রাহিম বাহিসের মতে, বাগরাম ঘাঁটি ফেরত দেওয়ার প্রশ্ন উঠলেই তালেবান নিজেদের জনসমর্থন হারাবে। অন্যদিকে, তালেবান জানে যে তাদের অর্থনীতি পুনরুদ্ধার ও নিষেধাজ্ঞা শিথিলের জন্য পশ্চিমা বিশ্বের সঙ্গে সংলাপ জরুরি। কিন্তু ঘাঁটি ইস্যুতে নরম অবস্থান নিলে তাদের অভ্যন্তরীণ বৈধতা ক্ষতিগ্রস্ত হবে। ট্রাম্প বলেন, বাগরাম ঘাঁটি চীনের ক্ষেপণাস্ত্র কারখানার কাছাকাছি একটি কৌশলগত অবস্থান। ফলে বিশ্লেষকদের মতে, এটি যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে একটি বার্তা তারা এখনো অঞ্চলে প্রভাব বজায় রাখতে চায়। এদিকে তালেবান সরকার এখনও আন্তর্জাতিক স্বীকৃতি না পেলেও প্রতিবেশী দেশগুলোর সঙ্গে কার্যকর কূটনৈতিক যোগাযোগ গড়ে তুলেছে। রাশিয়া আনুষ্ঠানিকভাবে তাদের স্বীকৃতি দিয়েছে, পাকিস্তান দূতাবাসের পর্যায় উন্নীত করেছে, আর ভারতও প্রথমবারের মতো তালেবান প্রতিনিধিকে নয়াদিল্লিতে আমন্ত্রণ জানিয়েছে। উরুমচি-ভিত্তিক গবেষক কুয়াত আকিজানভ বলেন, "এটি আনুষ্ঠানিক স্বীকৃতি নয়, বরং বাস্তবভিত্তিক সম্পর্কের প্রতিফলন। সবাই বুঝেছে, আফগানিস্তানকে বিচ্ছিন্ন রাখলে কেউই লাভবান হবে না।" বিশ্লেষকদের মতে, বাগরাম ঘাঁটিকে ঘিরে এই নতুন বিরোধ শুধু আফগানিস্তানের নয় এটি এশিয়ার ভূরাজনৈতিক ভারসাম্যের একটি গুরুত্বপূর্ণ ইঙ্গিত, যেখানে যুক্তরাষ্ট্রের প্রভাব সীমিত রাখার বিষয়ে আঞ্চলিক শক্তিগুলো এখন আগের চেয়ে অনেক বেশি ঐক্যবদ্ধ। ভারত-আফগানিস্তান সম্পর্কের নতুন অধ্যায়: নয়াদিল্লিতে তালেবান পররাষ্ট্রমন্ত্রীর সফর

## শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের

(প্রথম পৃষ্টার পর)

পড়া মহল্লায় সর্ব সাধারণের সাথে কুশল বিনিময় ও মতবিনিময় করেন। এ সময় জাকির হোসেন বলেন, "দীর্ঘ ১৭ বছর ধরে শেখ হাসিনা মানুষের ভোটের অধিকার কেড়ে নিয়েছিলেন। ছাত্র জনতা ও গণতন্ত্রকামী রাজনৈতিক দলগুলোর আন্দোলনের মধ্য দিয়ে এখন জনগণের ভোটের অধিকার ফিরে এসেছে। দেশের মানুষ এবার ভোট দিতে উদগ্রীব।" তিনি বিএনপির ৩১ দফা কর্মসূচির কথা উল্লেখ করে বলেন, "সুখী-সমৃদ্ধ মেহেরপুর গড়তে সাধারণ মানুষ ধানের শীষে ভোট দেবেন ইনশাআল্লাহ। জনগণের সমর্থনে বিএনপি সরকার গঠন করবে এবং সেই সরকারের প্রধানমন্ত্রী হবেন জননেতা তারেক রহমান।" কর্মমুখী মেহেরপুর গড়ার প্রতিশ্রুতি দিয়ে জাকির হোসেন আরও বলেন, "মেহেরপুর এখনো অনুন্নত জনপদ। এ অঞ্চলের উন্নয়নের জন্য বেকারত্ব দূর করা জরুরি।" এসময় দলের বিভিণ্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন। জাকির হোসেন ২০১৮ সালের বিএনপির মনোনীত প্রার্থী ছিলেন।

## ধানের পর এবার সড়কে মাছ ছেড়ে প্রতিবাদ হাসনাত আবদুল্লাহর

সূর্যোদয় প্রতিবেদন

কুমিল্লার দেবিদ্বার উপজেলার (দেবিদ্বার-চান্দিনা) আঞ্চলিক সংযোগ সড়কে মাছ ছেড়ে প্রতিবাদ জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। শুক্রবার (১০ অক্টোবর) সকালে কাচিসার এলাকায় গণসংযোগের সময় তিনি এই প্রতিবাদ কর্মসূচি চালান। দেবিদ্বার-চান্দিনা সড়কটি ঢাকা-চট্টগ্রাম ও কুমিল্লা-সিলেট মহাসড়কের সংযোগ হিসেবে গুরুত্বপূর্ণ হলেও দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে ভেঙে বড় বড় গর্তে পূর্ণ। ফলে সড়কটি অতিক্রম করতে যাত্রী ও যানবাহনদের প্রতিনিয়ত ভোগান্তি পোহাতে হচ্ছে। বৃষ্টির সময় এসব গর্তে পানি জমে দুর্ঘটনার ঝুঁকি আরও বাড়ে। হাসনাত আবদুল্লাহ বলেন, "এই রাস্তায় মানুষ চলাচল করে, কয়েক দিন আগে এখানে একটি ছেলে মারা গেছে। রাস্তা ঠিক না হলে এখানে মাছ চাষ করা ভালো। মাছ চাষ করলেও মানুষ কিছু মাছ খেতে পারবে।" তিনি আরও বলেন, "দেবিদ্বারের রাস্তা এতোটাই খারাপ যে, মাছ ছাড়ার মতো। আমি জিয়ল (দেশি) মাছ ছেড়েছি, আপনরাও ছেড়ে দিন।" এর আগে বৃহস্পতিবার (৯ অক্টোবর) হাসনাতের ২ মিনিট ২ সেকেন্ডের কল রেকর্ড ভাইরাল হয়। রেকর্ডে তিনি কুমিল্লা সড়ক ও জনপদ বিভাগের প্রধান নির্বাহী প্রকৌশলী খন্দকার গোলাম মোস্তফার সঙ্গে ফোনে যোগাযোগ করেন। হাসনাত বলেন, "কুমিল্লা-সিলেট মহাসড়কের দেবিদ্বার নিউমার্কেট অংশের সংস্কার অক্টোবরের ২০ তারিখের মধ্যে না হলে মহাসড়কে যান চলাচল বন্ধ করে ধান চাষ করব।" এ ঘটনাকে কেন্দ্র করে স্থানীয়রা রাস্তার সংস্কারের দাবিতে তার সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন।

## গাজায় যুদ্ধবিরতি কার্যকর, ধ্বংসস্তূপ পেরিয়ে নিজ এলাকায় ফিরছেন ফিলিস্তিনিরা

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় বহু প্রতীক্ষিত যুদ্ধবিরতি শুক্রবার দুপুর থেকে কার্যকর হয়েছে। ইসরায়েলি সেনাবাহিনী এক বিবৃতিতে জানিয়েছে, যুদ্ধবিরতির চুক্তি অনুযায়ী উপত্যকার বিভিন্ন স্থানে থাকা সেনাদের সরিয়ে নির্ধারিত সীমানায় নেওয়া হচ্ছে। এর ফলে দীর্ঘদিন বাস্তুচ্যুত হয়ে গাজার দক্ষিণে আশ্রয় নেওয়া হাজার হাজার ফিলিস্তিনি এখন উত্তরের নিজ এলাকায় ফিরতে শুরু করেছেন। নিউ ইয়র্ক টাইমস জানিয়েছে, সকালে হামাস ও ইসরায়েল যুদ্ধবিরতির চুক্তি অনুমোদনের পরই এই ঘোষণা আসে। চুক্তি অনুযায়ী, যুদ্ধবিরতি কার্যকরের ৭২ ঘণ্টার মধ্যে উভয়পক্ষ জিম্মি ও বন্দি বিনিময় করবে। বিবিসির খবরে বলা হয়েছে, স্থানীয় সময় সোমবার দুপুর ১২টার মধ্যে জীবিত থাকা ২০ জিম্মিকে মুক্তি দেবে হামাস। যুদ্ধবিরতি কার্যকর ঘোষণার সময় থেকেই এই ক্ষণগণনা শুরু হয়েছে। ইসরায়েলি সেনাবাহিনীর মুখপাত্র আবিচায় আদ্রায় জানান, ফিলিস্তিনিদের দক্ষিণ গাজার প্রধান সড়ক ধরে উত্তরের দিকে যাতায়াতের অনুমতি দেওয়া হয়েছে। তবে গাজার কিছু অঞ্চল এখনো 'অত্যন্ত বিপজ্জনক' হিসেবে চিহ্নিত হওয়ায় সেখানে সেনাদের উপস্থিতি বজায় থাকবে এবং সাধারণ মানুষকে সেসব এলাকায় যেতে নিষেধ করা হয়েছে। বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, ইসরায়েলি সৈন্য ও সাঁজোয়া যানগুলো গাজা সিটি ও খান ইউনিস থেকে সরে যাচ্ছে। গাজার সিভিল ডিফেন্স এজেন্সির বরাতে জানানো হয়, পরিস্থিতি স্থিতিশীল হওয়ার সঙ্গে সঙ্গে বাস্তুচ্যুত ফিলিস্তিনিরা নিজ এলাকায় ফিরতে শুরু করেছেন। এএফপির মাঠ পর্যায়ের সাংবাদিকরা জানান, হাজার হাজার ফিলিস্তিনি গাজার উপকূল ঘেঁষা রাস্তাগুলো ধরে হেঁটে নিজেদের বাড়ির পথে রওনা হয়েছেন। খান ইউনিসের বাসিন্দা আমীর আবু (৩২) বলেন, "শোক নিয়েই আমরা ফিরছি। সবকিছু ধ্বংস হয়ে গেছে, তবুও সৃষ্টিকর্তাকে ধন্যবাদড় অন্তত এখন শান্তির সম্ভাবনা দেখা দিচ্ছে।" দীর্ঘ মাসের সংঘাতের পর এই যুদ্ধবিরতি ফিলিস্তিনিদের কাছে একটুখানি স্বস্তি এনেছে। যদিও গাজার অধিকাংশ এলাকা এখনো ধ্বংসস্তূপে পরিণত, তবুও মানুষ বিশ্বাস করছেনড় হয়তো এই যুদ্ধবিরতিই হতে পারে পুনর্গঠনের প্রথম ধাপ।

## আফগানিস্তানের সঙ্গে সম্পর্ক জোরদার করছে ভারত

সূর্যোদয় প্রতিবেদন

ভারত আফগানিস্তানের তালেবান প্রশাসনের সঙ্গে সম্পর্কের নতুন অধ্যায় শুরু করেছে। শুক্রবার (১০ অক্টোবর) নয়াদিল্লিতে অনুষ্ঠিত এক গুরুত্বপূর্ণ বৈঠকে ভারত ঘোষণা দিয়েছে, ২০২১ সালে তালেবান ক্ষমতা গ্রহণের পর বন্ধ করে দেওয়া কাবুলের ভারতীয় দূতাবাস পুনরায় চালু করা হবে। এই সিদ্ধান্তকে আন্তর্জাতিকভাবে বিচ্ছিন্ন তালেবান সরকারের জন্য একটি বড় কূটনৈতিক স্বস্তি হিসেবে দেখা হচ্ছে।

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
### মেহেরপুর সদর, মেহেরপুর।

**স্মারক নং- উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ- ৪৫(৩)/২০২৫/২০২**

**শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসীল**

সুত্রঃ ০৫.৪৪.৫৭৮৭.০০০.৬৪.২৭৭.২৫-১৫৪৪
তারিখ ঃ ০৭/১০/২০২৫ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসীল নিম্নে প্রদান করা হলো।

০১। মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদান : ১২, ১৩ ও ১৪ অক্টোবর/২০২৫ (সকাল- ১০.০০ টা থেকে বিকাল - ৪.০০ টা পর্যন্ত )
মনোনয়ন পত্র প্রাপ্তি স্থান : প্রধান শিক্ষক, শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর কার্যালয়।
মনোনয়ন পত্র জমাদানের স্থান : শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর কার্যালয়।

০২। মনোনয়ন পত্র বাছাই : ১৬/১০/২০২৫ খ্রি. (বিকাল ৪.০০ টা)।
স্থান : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর।

০৩। মনোনয়ন পত্র প্রত্যাহার : ১৮/১০/২০২৫ খ্রি. বিকাল - ৪.০০ টার মধ্যে।
স্থান : শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর প্রধান শিক্ষকের নিকট।

০৪। নির্বাচন ঃ ২৯/১০/২০২৫ খ্রি. (সকাল ১০.০০ টা থেকে বিরতিহীন ভাবে বিকাল - ৪.০০ টা পর্যন্ত )

স্থান: শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গন।

(মোঃ মনিরুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর, মেহেরপুর
ও প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৫
শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
### মেহেরপুর সদর, মেহেরপুর।

স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/২০৩

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল ঘোষণা

সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৫৪১

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলো।

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ১২,১৩ ও ১৪ অক্টোবর' ২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।

২। মনোনয়নপত্র বাছায়ঃ ১৫/১০/২০২৫ (বিকাল ৪ টা)
স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর মেহেরপুর।

৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ১৬/১০/২০২৫। (বিকাল ৪টা)
স্থানঃ বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।

৪। নির্বাচনঃ ২৮/১০/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
স্থানঃ বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গন।

মোঃ মনিরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর
ও প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫
বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়।